

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ইম্প্লিমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি গ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++ স্কিম  
স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS) প্রোগ্রাম  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৫ম তলা, আই ই বি ভবন, রমনা, ঢাকা-১০০০

তারিখ: ১৭ পৌষ ১৪২৯  
০২ জানুয়ারি ২০২৩

স্মারক নং: ০৭.০০.০০০০.০০০.২৫.০৪১.২০-৪৯২

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট iBAS++-এর মাধ্যমে প্রণয়ন-বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারগণ  
(ইউইও) ও বাজেটের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে মনোনয়ন প্রদান ও উপস্থিতি নিশ্চিতকরণ।

সূত্র: অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১ এর পরিপত্র নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২২-১৯৮; তারিখ: ২৬/১২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে অর্থ বিভাগ জারিকৃত বাজেট পরিপত্র-১ অনুসারে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের ও নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার পাশাপাশি মাঠ পর্যায়ের নির্বাচিত ২৩৯৪টি অফিসমূহের বাজেটের তথ্য প্রেরণের অনুরোধ জানানো হয়েছে। তন্মধ্যে, উপজেলা পর্যায়ের অফিসমূহের মধ্যে উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের তথ্য অর্থ বিভাগের এসপিএফএমএস প্রোগ্রামের আওতায় ইম্প্লিমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি গ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++ স্কিম কর্তৃক উন্নয়নকৃত Integrated Budget and Accounting System (iBAS++)-এর মাধ্যমে আগামী ৩০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে এন্ট্রি করতে হবে। এ কার্যক্রম iBAS++-এর মাধ্যমে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উপজেলা শিক্ষা অফিসারের (ইউইও) কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের ০৮টি ব্যাচে সংযুক্ত তালিকা মোতাবেক আগামী ১১, ১২, ১৮ ও ১৯ জানুয়ারি ২০২৩ তারিখ অনলাইনে (জুম প্ল্যাটফর্ম) প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, সংযুক্ত তালিকা অনুযায়ী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের লক্ষ্যে উল্লিখিত কার্যালয়সমূহের উপজেলা শিক্ষা অফিসারগণ (ইউইও) ও বাজেট প্রণয়ন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীগণকে মনোনয়ন প্রদান এবং অনলাইনে (জুম প্ল্যাটফর্ম)-যুক্ত হওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি- প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা ও সময়।

  
(বিলাল হোসেন রিমি)

প্রোগ্রাম এক্সিকিউটিভ এণ্ড কো-অর্ডিনেটর (যুগ্মসচিব)

BACS & iBAS++ স্কিম

এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ

ই-মেইল: ibas2.training@gmail.com

☎: ০২-৫৫১১০৫৪৬-৫৫

সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, বাজেট-০১]

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব, বাজেট-১, অর্থ বিভাগ ও জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি
২. যুগ্মসচিব, বাজেট-১, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. টিম লিডার, আইবাস++ উন্নয়ন টিম, এসপিএফএমএস কর্মসূচি (প্রশিক্ষণ সিস্টেম প্রস্তুত রাখার অনুরোধসহ)